

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

৪৬.০২০.০০৪.০১.০০.৯৬৯.২০১৬-২৪৬


তারিখ : ২৫/০১/১৭

বিষয় : রীট পিটিশন নং-১৩৫৯২/২০১৬, বাদী জনাব রেবেকা সুলতানা, স্বামী- মোখলেসুর রহমান, প্লট নং-১৪, ব্লক-এ, মেইন রোড, ইন্টার্ন হাউজিং, বনশ্রী, রামপুরা, ঢাকা-বনাম-সরকার ও অন্যান্য।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন বনশ্রী ইন্টার্ন হাউজিং আবাসিক এলাকা হতে অবৈধ বানিজ্যিক প্রতিষ্ঠানের উচ্ছেদ আদেশকে চ্যালেঞ্জ করে বিষয়ে বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৩৫৯২/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ ইস্যু পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য নির্দেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ যথাযথভাবে প্রতিপালন করাসহ সরকারের পক্ষে জবাব দাখিলসহ মামলা প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ২। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব (সিটিকর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।